

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম

মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯

Email: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

স্মারক নং-২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০৩৮.২৪. ২৬৭

তারিখঃ ১৭ জানুয়ারি ২০২৪ খ্রি.
০৩ মাঘ ১৪৩০ ব.

বিষয়ঃ নিজামপুর সাবস্টেশনের সামনে থেকে এসপিসি খুটি সরানোর দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ অনুযায়ী পোল সমূহ নিজামপুর সাবস্টেশনের সামনে থেকে আনুমানিক ০৩ কি. মি. দূরত্বে নির্ধারিত উন্মুক্ত স্থানে সরানোর লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট নিম্নোক্ত বিবরণ ও শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামাল/ খুটির বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১.	২৫ ফুট সাইজ এসপিসি পোল	৭০৮ টি		
০২.	৩০ ফুট সাইজ এসপিসি পোল	৪৯০ টি		
০৩.	৩৫ ফুট সাইজ এসপিসি পোল	৫০ টি		
মোট:		১২৪৮ টি		
		ডিসকাউন্ট (যদি থাকে)		
		ডিসকাউন্টসহ মোট মূল্য		
কথায়:				

কথায়ঃ

শর্তাবলীঃ


- ০১। দরপত্র সমূহ ২৪/০১/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম-এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল বলে গণ্য হবে। দাখিলকৃত দরপত্রসমূহ একই দিন বেলা ১২:০৫ ঘটিকার সময় পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম-এ দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের খামের উপরে “নিজামপুর সাবস্টেশনের সামনে সরকারি জায়গা থেকে এসপিসি খুটি সরানো” এর দরপত্র এবং দরপত্র খোলার তারিখ স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র খামে সীলগালা ব্যবহার পূর্বক উপরের ছক অনুযায়ী দাখিল করতে হবে।
- ০৩। দরপত্রে উক্ত মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং মুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আয়কর সনদপত্র ও ব্যাংক সলভেন্সী প্রত্যয়ন পত্র ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৫। কার্য সম্পাদনে বিলম্ব ঘটলে পরিবহনকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তিমূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অনুমোদিত সময়ের মধ্যে পোলসমূহ পরিবহন করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল পূর্বক নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৫। সন্তোষজনক ভাবে খুটিসমূহ পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। সরকারী নিয়মানুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

- ০৭। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিত ভাবে অনুরোধ করতে হবে।
- ০৮। চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষন করে।
- ০৯। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত গণ্য হবে।


(মুদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (বহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
- ০৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম/পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৫। মেয়র, সীতাকুন্ড/মীরসরাই/ বাইরয়ারহাট/হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, চট্টগ্রাম।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সীতাকুন্ড/মীরসরাই/ হাটহাজারী, চট্টগ্রাম।
- ০৯। ডিজিএম (সদর-কারিগরি)/মীরসরাই/বাইরয়ারহাট/হাটহাজারী জোনাল অফিস।
- ১০। এজিএম (অর্থ/ সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি)।
- ১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২) (ওয়েবসাইট ও বাপবিবোর্ডে প্রেরণ নিশ্চিত করবেন)।
- ১২। নোটিশ বোর্ড /অফিস কপি।


(মুদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার